



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০০৯১

নং- L/SECY/85/2022

তারিখ: 09/11/2022

২০২৩ সালের উচ্চ মাধ্যমিকের ব্যবহারিক (Practical) পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী

- ২০২৩ সালের উচ্চমাধ্যমিক ব্যবহারিক পরীক্ষা ০৫/১২/২০২২ থেকে ২১/১২/২০২২ এর মধ্যে অনুষ্ঠিত হবে। সংসদ থেকে Practical পরীক্ষার প্রশ্নপত্র ২৩ নভেম্বরের Camp এ বিদ্যায়তন গুলিকে দেওয়া হবে।
- প্রতিটি বিদ্যায়তনকে আবশ্যিকভাবে নির্দিষ্ট তারিখের মধ্যেই (অর্থাৎ ০২/০১/২০২৩ থেকে ১০.০১.২০২৩) সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরে ব্যবহারিক (Practical) পরীক্ষার Marks Foils-এর Hard Copy এসে জমা দিতে হবে। যে পরীক্ষার্থী পূর্বে উচ্চ মাধ্যমিক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার পুনরায় ব্যবহারিক পরীক্ষা দেওয়ার প্রয়োজন নেই।
- প্রতিটি বিদ্যায়তন নিজের স্কুলেই Music এবং Physical Education সহ সমস্ত ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। শুধুমাত্র সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক/শিক্ষিকারাই ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং উত্তরপত্র মূল্যায়ন করবেন। যদি সেই স্কুলে কোনো বিষয়ে সেই সময় শিক্ষক/শিক্ষিকা না থাকেন, তাহলে পার্শ্ববর্তী কোনো বিদ্যায়তনের শিক্ষক/শিক্ষিকাকে ব্যবহারিক পরীক্ষার জন্য নিয়োগ করা যাবে। তবে সেক্ষেত্রে ঐ বিষয়ের শিক্ষক/শিক্ষিকার সম্মতিপত্র এবং সংশ্লিষ্ট বিদ্যায়তনের প্রধানের 'No Objection Certificate' পাওয়ার পর সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের অনুমতি নিতে হবে।
- Marks Foil-এর তিনটি অংশে Marks পূরণ করার আগে নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর স্বাক্ষর করানো বাধ্যতামূলক। যদি কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকে

তাহলে স্বাক্ষর করার জায়গায় লাল কালিতে 'AB' লিখে দিতে হবে। যদি কোনো পরীক্ষার্থীর স্বাক্ষর না থাকে তাহলে সেই পরীক্ষার্থীকে 'অনুপস্থিত' হিসাবে গণ্য করা হবে।

□ ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের পরে Marks Foil -এ Marks লিখে পরীক্ষক নির্দিষ্ট জায়গায় স্বাক্ষর করবেন। উত্তরপত্রে পরীক্ষকের স্বাক্ষর বাধ্যতামূলক। Marks Foil-এ প্রধান শিক্ষক/শিক্ষিকা স্বাক্ষর করবেন না। 'Institution Copy' অংশটি ছিঁড়ে নিয়ে সীল করে যন্ত্রসহকারে Office Record হিসাবে রেখে দিতে হবে। Marks Foil-এর অন্য দুটি অংশ কখনই ছিঁড়ে আলাদা করবেন না। এই দুটি অংশ না ছিঁড়ে বিষয় ভিত্তিক আলাদা খামে করে আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে। ২০২৩ সালের Practical পরীক্ষার খাতা উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে জমা দিতে হবে না। কিন্তু বিদ্যালয়ে সংরক্ষণ করে রাখতে হবে। কোনো প্রয়োজন হলে সংসদ Practical খাতা সংগ্রহ করে নেবে।

□ ২০১২ সাল থেকে ব্যবহারিক পরীক্ষার জন্য 'Pre-printed Top Sheet' দেওয়া হচ্ছে। 'Pre-printed Top Sheet' অনুসারে ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র বিদ্যালয়ে সংরক্ষণ করে রাখতে হবে। প্রতি প্যাকেটে একশতটি করে উত্তরপত্র রাখা যাবে। যদি সংখ্যাজনিত কারণে একটি Packet এর মধ্যে উত্তরপত্র না ধরে, তাহলে আলাদা Packet করতে হবে, তবে সেই Packet টিও মূল প্যাকেটের সঙ্গে বেঁধে রাখতে হবে। আলাদা প্যাকেটের গায়েও Pre-Printed Top Sheet এর জেরক্স কপি লাগিয়ে দিতে হবে।

□ ব্যবহারিক পরীক্ষা সম্পর্কিত যে কোনো তথ্যের জন্য সমস্ত বিদ্যায়তনকে সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

- Computer Copy ও Region Copy আলাদা করবেন না।
- উপস্থিত ছাত্র-ছাত্রীর নির্দিষ্ট স্থানে Signature বাধ্যতামূলক।
- অনুপস্থিত ছাত্র-ছাত্রীর স্বাক্ষরের জায়গায় লাল কালিতে AB লিখতে হবে।
- কোন উত্তরপত্র সংসদে জমা দিতে হবে না।



(তাপস কুমার মুখার্জি)

সচিব

পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ